দৈনিক সংবাদ

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 02 JUN 1988
পৃষ্ঠা ... ৫ কলাম ...

97

## পরীক্ষার ফল প্রকাশের আবেদন

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ১৯৮৬ সালের মাষ্টার ডিগ্রী ফাইনাল পরীক্ষা ডিসেম্বর ৮৮ ও জানুয়ারী '৮৯-এ হয়েছে। চার মাস অতিবাহিত হওয়ার পরও ফল প্রকাশ করা হচ্ছে না। অনেকেই সরকারী চাকরির বয়সসীমা অতিক্রান্ত হয়ে গেছে। এ্যাপিয়ারিং সার্টিফিকেট দিয়ে দরখাস্ত করলেও ইন্টারভিউ কার্ড পাওয়া যায় না। সেশন অনুযায়ী ১৯৮৬ সালে আমাদের মাষ্টার ডিগ্রী পাস করে বের হওয়ার কথা। কিন্তু সেশন জট ও বিভিন্ন অপ্রত্যাশিত কারণে আমরা সঠিক সময়ে বের হতে পারিনি। শুনেছি, বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সেশন জট নিরসনের জন্য কতকগুলো বাস্তব পদক্ষেপ গ্রহণ করেছেন। কিন্তু কোথায়। কবে আমরা ফল পাব।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সমীপে আকুল আবেদন অনতিবিলম্বে আমাদের ফল প্রকাশ করার ব্যবস্থা গ্রহণ করুন।

গোপাল কর,
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।